

কুয়াশায় ঝাপসা শাহজালাল বিমানবন্দর, ৪ ফ্লাইট গেল চট্টগ্রাম

- A Monitor Desk Report

Date: 24 January, 2024



ঢাকা: ঘন কুয়াশার কারণে মঙ্গলবার (২৩ জানুয়ারি) দিনগত মধ্যরাত থেকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আকাশ ঝাপসা ছিল। স্পষ্টভাবে রানওয়ে না দেখতে পেরে ৪টি ফ্লাইট অবতরণ করতে পারেনি বিমানবন্দরে। পরে ফ্লাইটগুলো চট্টগ্রামের হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে চলে যায়।

মঙ্গলবার মধ্যরাত থেকে বুধবার (২৪ জানুয়ারি) ভোর পর্যন্ত চলে এই অবস্থা।

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দায়িত্বশীল সূত্র জানায়, ইউএস-বাংলা এয়ারলাইন্সের দুবাই, সালাম এয়ারের মাস্কট এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের কুয়ালালামপুর, দাম্মাম থেকে আসা ফ্লাইটগুলো ঢাকায় অবতরণ করতে ব্যর্থ হওয়ায় তারা চট্টগ্রাম চলে যায়। সর্বশেষ সকাল ১০টা পর্যন্ত তারা ঢাকায় ফিরতে পারেনি।

এদিকে ঘন কুয়াশার কারণে মঙ্গলবার মধ্যরাত থেকে বুধবার সকাল ৯টা পর্যন্ত প্রায় ১৫টি ফ্লাইট নির্ধারিত সময়ে ঢাকায় উড্ডয়ন ও অবতরণ করতে পারেনি।

চলতি জানুয়ারির শুরু থেকেই দেশের বিভিন্ন স্থানে ঘন কুয়াশা ও শীত অনুভূত হচ্ছে। মাসের শেষের দিকে বৃষ্টিপাতের কারণে শীত আরো বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।